

## জাতির পিতা বঙ্গবন্ধু
## শেখ মুজিবুর রহমান

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় ঘটে। তাঁর লক্ষ্য ছিল দুঃখী মানুষের মুখে হাসি ফোটানো, দেশের মানুষকে সুন্দর জীবন উপহার দিয়ে উন্নত-সমৃদ্ধশালী জাতি গঠন করা। স্বাধীন দেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে নগর ও গ্রামের বৈষম্য ক্রমাগতভাবে হ্রাস করার উদ্দেশ্যে প্রত্যন্ত অঞ্চলের নদী ভাঙ্গা ও বাস্তুহারা এবং অন্যান্য স্থানের ভূমিহীনদের পুনর্বাসনের জন্য মিরপুর, ভাষানটেকসহ দেশের বিভিন্ন স্থানে বসতি, আবাসন প্রকল্প নির্মাণের উদ্যোগ গ্রহণ করেন। বঙ্গবন্ধুর অনুরোধে একাধিক দাতা ও উন্নয়ন সংস্থা অবকাঠামোগত সেবা প্রদানে এগিয়ে আসে। ১৯৭২-৭৩ অর্থবছরে বঙ্গবন্ধুর সরকার গৃহসংস্থান অধিদপ্তরের মাধ্যমে মিরপুর ১১ নং সেকশনে বাউনিয়া মৌজায় বস্তিবাসীদের জন্যে ৯২.৫০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে তাদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করেন। যুদ্ধ পরবর্তী বাংলাদেশের সুপরিকল্পিত নগরায়ন ও জনগণের আর্থ সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে বঙ্গবন্ধু যেসকল পদক্ষেপ গ্রহণ করেছিলেন তা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জন্য অনুসরণীয়।



**মাননীয় প্রধানমন্ত্রী**
**শেখ হাসিনা**

জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। তিনি সরকার গঠনের পর থেকে তাঁর নির্দেশনা অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ নিম্ন ও মধ্যম আয়ের মানুষের জন্য পরিকল্পিত আবাসন নিশ্চিতের লক্ষ্যে সারাদেশে বিভাগ হতে উপজেলা পর্যন্ত প্লট ও ফ্ল্যাট নির্মাণ করে স্বল্পমূল্যে এবং কিস্তি সুবিধায় বরাদ্দ প্রদান করছে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে মিরপুরস্থ বাউনিয়া মৌজায় ঢাকায় বসবাসরত বস্তিবাসীদের আরো ব্যাপক আকারে আধুনিক আবাসন সুবিধা প্রদানের লক্ষ্যে জাতির পিতার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে মুজিব বর্ষের উপহার হিসেবে ০৩ আগস্ট ২০২১ সালে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বস্তিবাসীদের জন্য মিরপুর ১১ নং সেকশনে ২ একর জমির উপর উন্নত পরিবেশে বসবাসের জন্য ৫ টি ১৪ তলা ভবনে ভাড়া ভিত্তিক ৫৩৩টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের ৩০০ টি ফ্ল্যাট বস্তিবাসীদের নিকট স্বল্প ভাড়ায় বসবাসের নিমিত্ত হস্তান্তর করেন। যা স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশসমূহের জন্য মডেল প্রকল্প হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। আরো ২৩৩ টি ভাড়াভিত্তিক ফ্ল্যাট অচিরেই বস্তিবাসীদের নিকট হস্তান্তর করা হবে।

এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী ঢাকাসহ বিভাগীয় শহরগুলোতে সরকারি ও স্ব-অর্থায়নে নিম্ন আয়ের মানুষের জন্য বৃহৎ পরিসরে ভাড়াভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন।

বর্তমান সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে সিরাজগঞ্জ ও কুমিল্লায় স্বল্প আয়ের লোকদের জন্য উন্নত জীবনব্যবস্থা শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৮৫০০০ সুবিধাভোগীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে অবকাঠামো উন্নয়ন (রাস্তা, ড্রেন, কালভার্ট, সিটি সেন্টার, স্কুল ইত্যাদি) করে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন করা হচ্ছে।

“সবার জন্য আবাসন
কেউ থাকবে না গৃহহীন”

মাননীয় প্রধানমন্ত্রী
**শেখ হাসিনা**





## জনাব শরীফ আহমেদ এম.পি

মাননীয় প্রতিমন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

বিশিষ্ট রাজনীতিবিদ জনাব শরীফ আহমেদ, এম.পি, ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলার কামারিয়া গ্রামে ১৯৭০ সালের ২৫ শে জানুয়ারি এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারের জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ভাষাসৈনিক ও বীরমুক্তিযোদ্ধা জননেতা শামসুল হক পাঁচবারের নির্বাচিত সংসদ সদস্য এবং একবার উপজেলা চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন।




জনাব শরীফ আহমেদ এর মাতা একজন রত্নগর্ভা যিনি সবসময় পরিবারকে অনুপ্রেরণা দিয়েছেন। কঠোর পরিশ্রমের মাধ্যমে তিনি তাঁর সন্তানদেরকে সুযোগ্য মানুষ হিসেবে গড়ে তুলেছেন। জনাব শরীফ আহমেদ স্কুলজীবনে ময়মনসিংহ জিলা স্কুল থেকে ট্যালেন্টপুলে বৃত্তি অর্জনসহ কৃতিত্বের সাথে এস এস সি পাশ করেন। ময়মনসিংহ আনন্দমোহন কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাশ করার পর জনমানুষের কল্যাণে ব্রতী হওয়ার নিমিত্ত তিনি নিজ এলাকা ময়মনসিংহের ফুলপুর ডিগ্রী কলেজ থেকে স্নাতক ডিগ্রী অর্জন শেষে ময়মনসিংহের আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ হতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। শিক্ষাজীবনে ক্রীড়াঙ্গনে ছিল তাঁর অবাধ বিচরণ। ফুটবল ও ক্রিকেটে ছিল তাঁর অসাধারণ পারদর্শিতা।

জনাব শরীফ আহমেদ তৃণমুল রাজনীতিতে একজন মহৎ হৃদয়ের সফল মানুষ হিসেবে সুপরিচিত মুখ। মূলত: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান ও নিজ

পিতার রাজনৈতিক আদর্শে অনুপ্রাণিত হয়ে জনাব শরীফ আহমেদ ছাত্র জীবনেই বাংলাদেশ ছাত্রলীগের সক্রিয় সদস্য হিসেবে রাজনৈতিক জীবন শুরু করেন। তৃণমূল থেকে উঠে আসা জনাব শরীফ আহমেদ ময়মনসিংহ জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ও পরবর্তীতে ময়মনসিংহ জেলা যুবলীগের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন এবং তিনি ময়মনসিংহ জেলা আওয়ামীলীগের সক্রিয় সদস্য।

জনাব শরীফ আহমেদ ধর্ম, বর্ণ, শ্রেণি, পেশা নির্বিশেষে সকল মানুষের কাছে ব্যাপক জনপ্রিয় ও গ্রহণযোগ্য ব্যক্তিত্ব। তৃণমূলে বিপুল কর্মীবাহিনী তাঁর রাজনৈতিক জীবনের প্রধান চালিকাশক্তি। রাজনৈতিক জীবনে ২০১৩ সালে জনগণ তাঁকে তারাকান্দা উপজেলা পরিষদ চেয়ারম্যান হিসাবে নির্বাচিত করেন। ২০১৪ সালে জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামীলীগের প্রার্থী হিসেবে ময়মনসিংহ-২ (ফুলপুর-তারাকান্দা) আসন থেকে তিনি সংসদ সদস্য নির্বাচিত হন এবং তিনি দশম জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

ব্যক্তিগত জীবনে মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ বিবাহিত এবং দুই সন্তানের গর্বিত পিতা। প্রথম সন্তান ওয়াসেক আহমেদ ও ২য় সন্তান তাসফিয়া আহমেদ। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সহধর্মিণী শেফালী বেগম ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক এবং ১৯৯৫ সালে স্নাতকোত্তর ডিগ্রী অর্জনের মাধ্যমে শিক্ষা জীবন সমাপ্ত করেন। পরবর্তীতে তিনি ২৮ই মে ২০০১ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রশাসন ক্যাডারের ২০তম ব্যাচে নিয়োগপ্রাপ্ত হয়ে বিভাগীয় কমিশনার, রাজশাহী এর কার্যালয়ে সহকারী কমিশনার হিসেবে তাঁর কর্মজীবন শুরু করেন। বর্তমানে তিনি পরিকল্পনা বিভাগের প্রশাসন উইং এ যুগ্মসচিব হিসেবে কর্মরত আছেন।




রাজনৈতিক কর্মকাণ্ডের পাশাপাশি সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনের প্রতি জনাব শরীফ আহমেদ এর রয়েছে বিশেষ অনুরাগ ও সম্পৃক্ততা। অবসরে তিনি বই পড়ায়, গান শোনায়, কবিতা আবৃত্তি ও সাংস্কৃতিক চর্চায় নিজেকে মনোনিবেশ করেন। কথা বা কাজের মাধ্যমে অতি সহজেই তিনি মানুষের হৃদয় জয় করতে পারেন এটি তাঁর একটি অনন্য বৈশিষ্ট্য। সকল শ্রেণি-পেশার মানুষের কল্যাণে কাজ করার মাধ্যমে দেশকে আরো উন্নত করার সংকল্পে তিনি দৃঢ় প্রতিজ্ঞ।



## এম শামসুল হক
বিশিষ্ট সমাজ সেবক ও রাজনীতিবিদ

জনাব এম শামসুল হক ১৯৫২ সালের ভাষা আন্দোলনসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ রাজনৈতিক সহচর হিসাবে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তিনি বাংলাদেশের তথা তৎকালীন বৃহত্তর ময়মনসিংহ জেলার একজন ন্যায়নিষ্ঠ, আদর্শবান এবং বঙ্গবন্ধুর আদর্শে গড়া অত্যন্ত নিবেদিত প্রাণ একজন রাজনীতিবিদ ও জননেতা ছিলেন। ভাষা আন্দোলনের সময় এম শামসুল হক সক্রিয় ভূমিকা রাখায় তাঁকে গ্রেফতার করা হয়। দীর্ঘ ছয় মাস তাঁকে কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে বন্দী করে রাখা হয়। কারাগার থেকে মুক্তি পেয়ে তিনি ময়মনসিংহ শহরে প্রথম শহীদ মিনার স্থাপনে সক্রিয় ভূমিকা পালন করেন। ভাষা আন্দোলনে অনবদ্য অবদানের স্বীকৃতি স্বরুপ তিনি ২০২১ সালে মরণোত্তর একুশে পদকে ভূষিত হন। রাষ্ট্রভাষা বাংলার দাবিতে তাঁর অবদানের এই স্বীকৃতি দীর্ঘদিন পরে হলেও আমাদের জন্য এক অনন্য গৌরব ও আত্মতৃপ্তির বিষয়।

এম শামসুল হক ১৯৩০ সালের ২৯ শে জানুয়ারি ময়মনসিংহের তারাকান্দা উপজেলার কামারিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা অ্যাডভোকেট সমীর উদ্দিন ছিলেন একজন প্রথিতযশা আইনজীবী।

এম শামসুল হক ৫২'র ভাষা আন্দোলন, ৫৪'র যুক্তফ্রন্ট নির্বাচন, ১৯৬৬'র ছয় দফা এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণসহ তৎকালীন সকল রাজনৈতিক কর্মকান্ডে সক্রিয় ভূমিকা পালন করেন।

তিনি ১৯৭০ সালের তৎকালীন পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে প্রাদেশিক পরিষদ সদস্য নির্বাচিত হন। ১৯৭৩ সালের প্রথম জাতীয় সংসদ নির্বাচনে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের প্রার্থী হিসেবে তৎকালীন ময়মনসিংহ-১৫ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন।

১৯৮৬ সালের তৃতীয়, ১৯৯১ সালের পঞ্চম ও ১৯৯৬ সালের ষষ্ঠ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ময়মনসিংহ-২ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৮৮ সালে তিনি ফুলপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন। তিনি ১৯৯৬ সালে বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ছিলেন।

তৃণমূল থেকে উঠে আসা ব্যাপক জনপ্রিয় এই নেতার স্থানীয় জনগণের প্রতি ছিল অকৃত্রিম শ্রদ্ধা ও ভালোবাসা। ব্যক্তিগত জীবনে তিনি তিন পুত্র ও তিন কন্যা সন্তানের গর্বিত পিতা। তাঁর পুত্র শরীফ আহমেদ ময়মনসিংহ-২ (তারাকান্দা-ফুলপুর) সংসদীয় আসন থেকে ২০১৪ সালের দশম ও ২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। ২০১৮ সালের মন্ত্রীসভায় শরীফ আহমেদ সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পান। বর্তমানে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি ২০১৩ সালে তারাকান্দা উপজেলা পরিষদ চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হন। তিনি দশম জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

২০05 সালের ২৭ মে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ভাষা সৈনিক এম শামসুল হক পরলোক গমন করেন। তারাকান্দা উপজেলার বঙ্গবন্ধু সরকারি ডিগ্রী কলেজ প্রাঙ্গণে চিরনিদ্রায় শায়িত আছেন এই কীর্তিমান পুরুষ।

আজীবন সংগ্রামী এবং জনমানুষের অধিকার আদায়ে আপোষহীন এই জননেতার প্রতি বিনম্র শ্রদ্ধা নিরন্তর।

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ গঠনের ইতিবৃত্ত

ব্রিটিশ শাসন পরবর্তী দেশ বিভাগের ফলে মুসলমান মোহাজেরগণ অপরিকল্পিতভাবে বাংলাদেশের চারটি প্রধান শহরে বসবাস শুরু করতে থাকে। এমতাবস্থায়, তাদের জন্য পরিকল্পিত আবাসন সৃষ্টি করার লক্ষ্যে ১৯৫৮ সালে পূর্ত, বিদ্যুৎ ও সেচ মন্ত্রণালয়ের অধীন "গৃহায়ন উইং" গঠন করা হয়। ১৯৭১ সাল পরবর্তী যুদ্ধবিধ্বস্ত দেশে সমগ্র দেশব্যাপী মোহাজের এবং স্থানীয় স্বল্প ও মধ্যম আয়ের মানুষের নগরমুখী অভিবাসনের স্রোতে দরিদ্র জনবসতিকে ন্যূনতম মৌলিক অধিকার তথা বাসস্থান নিশ্চিতের প্রয়োজন হয়। জাতির জনক বঙ্গবন্ধুর উদ্যোগেই পরিকল্পিত আবাসন সৃষ্টির লক্ষ্যে 'গৃহায়ন উইং'- ১৯৭২ সালে 'গৃহসংস্থান অধিদপ্তর' হিসেবে প্রতিষ্ঠিত হয়। বঙ্গবন্ধুর সরকারের উদ্যোগে গৃহসংস্থান অধিদপ্তরের মাধ্যমে নদীভাঙ্গা মানুষকে রাজশাহী, খুলনার বয়রাসহ ঢাকার মিরপুরের ভাষানটেক ও বাউনিয়া এবং গাজীপুরের টঙ্গীর দত্তপাড়ায় পুনর্বাসনের প্রকল্প বাস্তবায়িত হয়। জাতির পিতার কুটনৈতিক তৎপরতায় একাধিক দাতা ও উন্নয়ন সংস্থা (UNDP, World Bank etc) এ সকল অবকাঠামো প্রকল্পের অংশীদার হয়। বর্তমান সরকারের বিগত মেয়াদে ২০০১ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা "গৃহসংস্থান অধিদপ্তর" কে রূপান্তর করে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ আইন-২০০০ (২০০০ সনের ২৭ নং আইন) এর ধারা-১ এর উপধারা (২) এর প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করেন।

## অভিলক্ষ্য (Mission)

সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে আধুনিক নাগরিক সুযোগ সুবিধাসহ শহর থেকে উপজেলা পর্যন্ত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জমিতে ও জমি অধিগ্রহণ করতঃ আবাসিক প্লট এবং ফ্ল্যাট তৈরী করে কিস্তি সুবিধায় জনগণের মধ্যে বরাদ্দ প্রদান করে মানুষের আবাসিক সমস্যার সমাধান করতঃ সকলের জন্য বাসস্থান নির্মাণে সরকারের যে লক্ষ্য তা পূরণে অবদান রাখা।

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পরিচিতি

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা। প্রতিষ্ঠানটি ১ জন চেয়ারম্যান এবং ৪ জন সদস্যের সমন্বয়ে গঠিত বোর্ড দ্বারা পরিচালিত হয়। প্রতিষ্ঠানটি নিম্ন বর্ণিত ৪টি প্রধান প্রধান উইং এ বিভক্তঃ

(ক) প্রশাসন ও অর্থ

(খ) ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা

(গ) প্রকৌশল ও সমন্বয়

(খ) পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প

প্রতিষ্ঠানটির চেয়ারম্যান হিসেবে বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন নিয়োজিত থাকেন। সদস্য (প্রশাসন ও অর্থ) এবং সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) বাংলাদেশ সরকারের যুগ্মসচিব পদমর্যাদার এবং সদস্য (প্রকৌশল ও সমন্বয়) ও সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তা প্রেষণে নিযুক্ত থাকেন।




## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যাবলী

- নগরায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ঘোষিত 'সকলের জন্য পরিকল্পিত আবাসন' -মূলনীতিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সর্বস্তরের মানুষের জন্য সমগ্র বাংলাদেশে আবাসন প্রকল্প বাস্তবায়ন।
- জাতীয় গৃহায়ন নীতিমালা-২০১৬ অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বাংলাদেশের সকল বিভাগীয় শহর থেকে উপজেলা পর্যায়ে প্রান্তিক জনগোষ্ঠীর পরিকল্পিত আবাসনের ব্যবস্থা করা।
- স্বল্প ব্যয় ও আত্মসহায়তামূলক নগর ও গ্রামীণ গৃহায়ন প্রকল্প প্রণয়ন এবং সরকারের অনুমোদন সাপেক্ষে এর বাস্তবায়ন।

- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (২০১৬-২০৩০) এর ১১ নং লক্ষ্য " টেকসই নগর ও সম্প্রদায়" অর্জনের নিমিত্ত সাশ্রয়ী আবাসনের সুযোগ সৃষ্টি এবং বস্তি এলাকার বসতি উন্নয়নের মাধ্যমে শহরগুলিকে নিরাপদ ও টেকসই করণের উদ্যোগ গ্রহণ করা।
- দুর্দশাগ্রস্থ মহিলা, অসহায় ও দুঃস্থ নাগরিকদের জন্য গৃহায়ন কার্যক্রম গ্রহণ।
- সরকার কর্তৃক কর্তৃপক্ষের নিকট ন্যস্ত বা কর্তৃপক্ষের মালীকানাধীন জমির রক্ষণাবেক্ষণ এবং উক্ত জমিতে বাড়ি, এ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট এবং ইমারত নির্মাণ।
- নিম্ন আয় এবং বস্তিবাসীদের পরিকল্পিত আবাসন নিশ্চিতকল্পে ভাড়াভিত্তিক ফ্ল্যাট নির্মাণ কার্যক্রম গ্রহণ।
- স্বল্প আয়ের মানুষের উন্নত জীবন ব্যবস্থা নিশ্চিতকল্পে গৃহায়ন কার্যক্রম গ্রহণ।
- দেশের বিভিন্ন জেলা উপজেলায় পরিকল্পিত আবাসন নিশ্চিতকল্পে আবাসিক ফ্ল্যাট নির্মাণ এবং প্লট উন্নয়ন প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করা।
- রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় বেসরকারি পরিকল্পিত আবাসন নিশ্চিত করা।
- গৃহায়ন সংক্রান্ত বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ে গবেষণা করা।
- গৃহায়ন প্রকল্প বাস্তবায়নে দেশী-বিদেশী উদ্যোক্তাদের আকৃষ্ট করা।

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানসমূহ

- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ আইন-২০০০
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫
- রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন-২০১০
- রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা-২০১১
- জাতীয় গৃহায়ন নীতিমালা-২০১৬
- জলাধার সংরক্ষণ আইন-২০০০
- ইমারত নির্মাণ বিধিমালা-২০২০
- ভূমি উন্নয়ন বিধিমালা-২০০৪
- টাউন ইম্প্রুভমেন্ট অ্যাক্ট-১৯৫৩




২৬০০ বাস্তুহারা পরিবারের পুনর্বাসন প্রকল্পের দলিল হস্তান্তর অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এম.পি




২৬০০ বাস্তুহারা পরিবারের পুনর্বাসন প্রকল্পের দলিল হস্তান্তর অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব জনাব মো: শহীদ উল্লা খন্দকার




ঢাকার মিরপুরস্থ ২৬০০ বাস্তুহারা পরিবারের মাঝে দলিল হস্তান্তর করছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এম.পি

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের উইং সমূহের কার্যক্রম:

### (ক) প্রশাসন ও অর্থ:

- কর্তৃপক্ষের বাজেট প্রণয়ন।
- কর্তৃপক্ষের জনবল ব্যবস্থাপনা ও নিয়োগ কার্যক্রম।
- তথ্য অধিকার নিশ্চিতকরণ।
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও সেবা প্রদান প্রতিশ্রুতি নিশ্চিতকরণ।
- কর্তৃপক্ষের প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম পরিচালনা।
- কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন।

### (খ) ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা:

- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্লট এবং ফ্ল্যাট প্রকল্পের জমির সংস্থান।
- প্লট এবং ফ্ল্যাট বরাদ্দের লক্ষ্যে প্রসপেক্টাস প্রণয়ন, বিক্রয়, জমা গ্রহণ, লটারী অনুষ্ঠান, ইত্যাদি।
- প্লট এবং ফ্ল্যাট বরাদ্দ, বিকল্প বরাদ্দ ইত্যাদি।
- আধাপাকা টিনশেড বাড়ী বরাদ্দ
- খেলাপী কিস্তির টাকা জমা দেয়ার অনুমতি
- পুনর্বাসন প্লট বরাদ্দ
- দায়মুক্তি ছাড়পত্র
- শিল্প প্লট বরাদ্দ

- ভাঙ্গা ও পুন:নির্মাণ
- বাণিজ্যিক প্লট বরাদ্দ
- সময় বর্ধিতকরণ
- প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দ
- নামজারী অনুমতি (ক্রয়/ হেবা/ দানসূত্রে/ ওয়ারিশসূত্রে)
- হস্তান্তর অনুমতি
- বন্ধক অনুমতি
- প্লট/ফ্ল্যাটের বাস্তব দখল প্রদান
- আম-মোক্তার নিয়োগের অনুমতি
- একাধিক প্লটের উপর যৌথভাবে নির্মাণ অনুমতি
- আম-মোক্তার নামা গ্রহণ
- খন্ড প্লট বরাদ্দ
- কনভারশন/ রূপান্তর অনুমতি
- প্লট বিভক্তিকরণ ও প্লট একত্রীকরণ অনুমতি
- ভাড়াটিয়া নিয়োগের অনুমতি
- নিম্নমান/ নিউক্লিয়াস বাড়ী বরাদ্দ
- দান/হেবা অনুমতি
- লীজ দলিল রেজিস্ট্রেশন
- প্লট/ফ্লাটের ভাড়া ও কিস্তি আদায়

**(গ) প্রকৌশল ও সমন্বয়:**

- কর্তৃপক্ষের সকল প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম তদারকি।
- সকল প্রকল্পের প্রাক্কলন অনুমোদন।
- বার্ষিক ক্রয় পরিকল্পনার অন্তর্ভুক্ত স্থাপনা মেরামত ও সংস্কার কার্যক্রম পর্যবেক্ষণ।
- বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনার অন্তর্ভূক্ত সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন।
- ঠিকাদার নিবন্ধন ও নিবন্ধন নবায়ন।

**(ঘ) পরিকল্পনা,নকশা ও বিশেষ প্রকল্প:**

- কর্তৃপক্ষের সকল উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা যাচাই পরীক্ষা।
- প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি), সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (আরডিপিপি) প্রস্তুতকরণ ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ এবং প্রকল্পের সময়বৃদ্ধিকরণ।
- রিয়েল এস্টেট আইন-২০১০ এবং রিয়েল এস্টেট বিধিমালা-২০১১ অনুযায়ী রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন ও নিবন্ধন নবায়ন।
- বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে আঞ্চলিক কার্যালয়সমূহের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন।




ঢাকার মিরপুরস্থ ২৬০০ বাস্তুহারা পরিবারের পুনর্বাসন প্রকল্পের দলিল হস্তান্তর অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ দেলওয়ার হায়দার




ঢাকার মিরপুরস্থ ২৬০০ বাস্তুহারা পরিবারের মাঝে দলিল হস্তান্তর করছেন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ দেলওয়ার হায়দার

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিভিন্ন হাউজিং এস্টেটের জমির মূল্যের তালিকা:

(১১/০৩/২০১৯ তারিখ থেকে কার্যকর)

| ক্র. নং | এলাকার নাম | বিভাগভিত্তিক কাঠা প্রতি প্রস্তাবিত মূল্য (লক্ষ টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | ৫৯ ফিট ও তদনিম্ন রাস্তার পার্শ্বের জমি | ৬০ ফিট হতে ৭৯ ফিট পর্যন্ত রাস্তার পার্শ্বের জমি | ৮০ফিট ও তদুর্দ্ধ সড়কের পার্শ্বের জমি |
| **ঢাকা ডিভিশন-১** | | | | |
| ১ | মিরপুর, সেকশন-১ | ৩০.০০ | ৪০.০০ | ৫০.০০ |
| ২ | মিরপুর, সেকশন-২ | ৩০.০০ | ৪০.০০ | ৫০.০০ |
| ৩ | মিরপুর, সেকশন-৩ | ২৫.০০ | ৩৫.০০ | ৪০.০০ |
| ৪ | মিরপুর, সেকশন-৪ রূপনগর আবাসিক | ৩০.০০ | ৩৫.০০ | ৪০.০০ |
| ৫ | মিরপুর, সেকশন-৫ রূপনগর ১ম পর্ব | ৩০.০০ | ৩৫.০০ | ৪০.০০ |
| ৬ | মিরপুর, সেকশন-৬ | ৩০.০০ | ৪০.০০ | ৫০.০০ |
| ৭ | মিরপুর, সেকশন-৭ | ৩০.০০ | ৩৫.০০ | ৪০.০০ |
| ৮ | মিরপুর, সেকশন-৮ | ২৫.০০ | ৩০.০০ | ৪০.০০ |
| ৯ | মিরপুর, সেকশন-৯ | ২৫.০০ | ৩৫.০০ | ৪৫.০০ |
| ১০ | মিরপুর, সেকশন-১১ | ৩০.০০ | ৪০.০০ | ৫০.০০ |
| ১১ | মিরপুর, সেকশন-১২ | ৩০.০০ | ৪০.০০ | ৫০.০০ |
| ১২ | মিরপুর, সেকশন-১৭ | ৩০.০০ | ৩৫.০০ | ৫০.০০ |
| ১৩ | মিরপুর ১ম, ২য় ও ৩য় কলোনী | ২৫.০০ | ৩৫.০০ | ৪০.০০ |
| **মিরপুর গৃহসংস্থান বিভাগ-২** | | | | |
| ১৪ | কল্যাণপুর হাউজিং এস্টেট | ৩০.০০ | ৪০.০০ | ৫০.০০ |
| ১৫ | মিরপুর হাউজিং এস্টেট, সেকশন-১০ | ৩৫.০০ | ৪০.০০ | ৬০.০০ |
| ১৬ | মিরপুর হাউজিং এস্টেট, সেকশন-১৩, ১৪, ১৫, ১৬ | ৩০.০০ | ৪০.০০ | ৫০.০০ |
| ১৭ | দোহার হাউজিং এস্টেট | ৮.০০ | - | - |
| ১৮ | নবাবগঞ্জ হাউজিং এস্টেট | ১৫.০০ | - | - |

| | | | | |
|---|---|---|---|---|
| **ঢাকা ডিভিশন-২** | | | | |
| ১৯ | লালমাটিয়া হাউজিং এস্টেট | ৬০.০০ | ৭০.০০ | ৮০.০০ |
| ২০ | মোহাম্মদপুর হাউজিং এষ্টেট | ৪০.০০ | ৫০.০০ | ৬০.০০ |
| ২১ | টাঙ্গাইল হাউজিং এস্টেট | ১০.০০ | ১২.০০ | - |
| ২২ | বাড্ডা হাউজিং প্রকল্প | ৫০.০০ | - | - |
| ২৩ | টঙ্গিস্থ দত্ত পাড়া হাউজিং এস্টেট | ২০.০০ | ২৫.০০ | - |
| ২৪ | ময়মনসিংহ হাউজিং প্রকল্প | ১২.০০ | ১৫.০০ | - |
| ২৫ | শেরপুর শ্রীবর্দী হাউজিং এস্টেট | ৪.০০ | ৬.০০ | - |
| ২৬ | জামালপুর হাউজিং প্রকল্প | ১০.০০ | ১২.০০ | |
| **চট্টগ্রাম ডিভিশন** | | | | |
| ২৭ | হালিশহর হাউজিং এস্টেট, ব্লক-এইচ, কে, এল | ২৫.০০ | ৩০.০০ | ৩৫.০০ |
| ২৮ | হালিশহর হাউজিং এস্টেট, ব্লক-এ, বি, আই, জে | ২০.০০ | ২৫.০০ | ৩০.০০ |
| ২৯ | ফিরোজশাহ হাউজিং এস্টেট | ২০.০০ | ২৫.০০ | ৩০.০০ |
| ৩০ | শেরশাহ হাউজিং এস্টেট | ২০.০০ | ২৫.০০ | ৩০.০০ |
| ৩১ | কৈবল্যধাম হাউজিং এস্টেট | ২০.০০ | ২৫.০০ | ৩০.০০ |
| ৩২ | মাইজদী হাউজিং এস্টেট | ১২.০০ | ২০.০০ | - |
| ৩৩ | চট্টগ্রাম সোনাপাহাড়, মিরসরাই হাউজিং এস্টেট | ৮.০০ | ১২.০০ | |
| ৩৪ | চট্টগ্রাম কিসমত জাফরাবাদ, হাউজিং এস্টেট | ৮.০০ | ১০.০০ | |
| ৩৫ | পিংকসিটি-১, রাউজান হাউজিং এস্টেট | ৭.০০ | ১০.০০ | |
| ৩৬ | পিংকসিটি-২, রাউজান হাউজিং এস্টেট | ৭.০০ | ১০.০০ | |
| ৩৭ | কলাতলি কক্সবাজার হাউজিং এস্টেট | ২৫.০০ | ৩০.০০ | |
| **রাজশাহী ডিভিশন** | | | | |
| ৩৮ | রাজশাহী হাউজিং এস্টেট সেক্টর-১ | ১০.০০ | ১২.০০ | ১৫.০০ |
| ৩৯ | রাজশাহী হাউজিং এস্টেট সেক্টর-২ | ১৫.০০ | ২০.০০ | ২৫.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪০ | রাজশাহী হাউজিং এস্টেট সেক্টর-৩ | ১২.০০ | ১৫.০০ | ২০.০০ |
| ৪১ | ছোটবনগ্রাম হাউজিং এস্টেট | ৮.০০ | ১০.০০ | - |
| ৪২ | চাঁপাইনবাবগঞ্জ হাউজিং এস্টেট | ৬.০০ | ৮.০০ | - |
| ৪৩ | তেরখাদিয়া হাউজিং এস্টেট | ১০.০০ | ১২.০০ | - |
| ৪৪ | পাবনা হাউজিং এস্টেট | ৫.০০ | ৭.০০ | |
| ৪৫ | নাটোর হাউজিং এস্টেট | ৫.০০ | ৭.০০ | |
| ৪৬ | ঈশ্বরদী হাউজিং এস্টেট | ৫.০০ | ৭.০০ | |
| ৪৭ | কুষ্টিয়া হাউজিং এস্টেট ১ম ও ২য় পর্ব | ৮.০০ | ১০.০০ | |
| ৪৮ | কুষ্টিয়া হাউজিং এস্টেট ৩য় ও ৪র্থ পর্ব | ৮.০০ | ১০.০০ | |
| ৪৯ | দর্শনা হাউজিং এস্টেট | ৩.০০ | ৫.০০ | |
| **খুলনা ডিভিশন** | | | | |
| ৫০ | খালিশপুর হাউজিং এস্টেট | ১০.০০ | ১২.০০ | |
| ৫১ | বয়রা হাউজিং এস্টেট | ১২.০০ | ১৫.০০ | |
| ৫২ | গোপালগঞ্জ হাউজিং এস্টেট | ৫.০০ | ৭.০০ | |
| ৫৩ | যশোর হাউজিং এস্টেট | ৮.০০ | ১০.০০ | |
| ৫৪ | মাগুরা হাউজিং এস্টেট | ৪.০০ | ৫.০০ | |
| ৫৫ | ফরিদপুর হাউজিং এস্টেট | ৮.০০ | ১২.০০ | |
| ৫৬ | মাদারীপুর হাউজিং এস্টেট | ৪.০০ | ৫.০০ | |
| ৫৭ | মাদারীপুর শিবচর ১ম হাউজিং এস্টেট | ৬.০০ | ৮.০০ | |
| ৫৮ | মাদারীপুর শিবচর ২য় হাউজিং এস্টেট | ৬.০০ | ৮.০০ | |
| ৫৯ | মাদারীপুর শিবচর ৩য় হাউজিং এস্টেট | ৬.০০ | ৮.০০ | |
| ৬০ | মাদারীপুর শিবচর দাদাভাই-১ | ৬.০০ | ৮.০০ | |
| ৬১ | মাদারীপুর শিবচর দাদাভাই-২ | ৭.০০ | ৮.০০ | |
| ৬২ | পটুয়াখালী হাউজিং এস্টেট | ৫.০০ | ৬.০০ | |
| ৬৩ | শরীয়তপুর হাউজিং এস্টেট | ৫.০০ | ৬.০০ | |
| ৬৪ | রূপাতলী হাউজিং এস্টেট | ১০.০০ | ১৫.০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬৫ | নড়াইল হাউজিং এস্টেট | ৫.০০ | ৬.০০ | |
| ৬৬ | ঝিনাইদহ হাউজিং এস্টেট | ৬.০০ | ৭.০০ | |
| ৬৭ | খুলনা ফুলতলা হাউজিং এস্টেট | ৬.০০ | ৭.০০ | |
| ৬৮ | ঝালকাঠি, নলছিটি হাউজিং এস্টেট | ৫.০০ | ৬.০০ | |
| **দিনাজপুর ডিভিশন** | | | | |
| ৬৯ | দিনাজপুর হাউজিং এস্টেট | ৫.০০ | ৬.০০ | |
| ৭০ | রংপুর হাউজিং এস্টেট | ৮.০০ | ১০.০০ | |
| ৭১ | বগুড়া হাউজিং এস্টেট | ৮.০০ | ১০.০০ | |
| ৭২ | সান্তাহার হাউজিং এস্টেট | ৩.০০ | ৫.০০ | |
| **সিলেট ডিভিশন** | | | | |
| ৭৩ | সিলেট হাউজিং এস্টেট | ১৬.০০ | ২০.০০ | |
| ৭৪ | মৌলভীবাজার হাউজিং এস্টেট | ৪.০০ | ৫.০০ | |
| ৭৫ | সুনামগঞ্জ হাউজিং এস্টেট | ৪.০০ | ৫.০০ | |
| ৭৬ | কুমিল্লা হাউজিং এস্টেট | ১৫.০০ | ২০.০০ | |
| ৭৭ | চাঁদপুর হাউজিং এস্টেট | ১০.০০ | ১২.০০ | |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সেবাসমূহ গ্রহণের ক্ষেত্রে অনুমোদিত ফিসঃ (০১/০১/২০২০ তারিখ থেকে কার্যকর)

| ক্রঃ নং | বিষয় | বিভাগভিত্তিক সেবা মূল্য | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ঢাকা | চট্টগ্রাম | সিলেট | অন্যান্য মেট্রোঃ এলাকা | অন্যান্য জেলা/ উপজেলা |
| ১। | আবাসিক/প্রাতিষ্ঠানিক প্লটের নামজারী ফি (প্রতিটি) | ৫,০০০/- | ৫,০০০/- | ৫,০০০/- | ৫,০০০/- | ৩,০০০/- |
| ২। | বাণিজ্যিক/শিল্প প্লটের নামজারী ফি (প্রতিটি) | ১০,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- | ৬,০০০/- |
| ৩। | আবাসিক ফ্ল্যাট এর নামজারী ফি (প্রতিটি) | | | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ক) | ১৫০০ বর্গফুট আয়তনের নিম্নে | ৫,০০০/- | | | | ৪,০০০/- |
| | খ) | ১৫০০ বর্গফুট আয়তনের উর্ধ্বে | ৮,০০০/- | | | | ৫,০০০/- |
| ৪। | *দোকান/বাণিজ্যিক/শিল্প স্পেসের নামজারী ফি (প্রতি বর্গফুট) | | ৩৫/- | ৩৫/- | ৩০/- | ২৫/- | ২০/- |
| ৫। | ক) | এক তলা বাড়ি সহ আবাসিক প্লট বিক্রয়/ হস্তান্তর/দান ফি (জমির বর্তমান মূল্যের %) | ৮% | ৮% | ৭% | ৬% | ৫% |
| | খ) | একাধিক তলা বাড়ীসহ আবাসিক প্লটের বিক্রয়/ হস্তান্তর/দান ফি (নীচতলা ব্যতীত) (জমির বর্তমান মূল্যের % + প্রতি বর্গফুট) | ৮% + ৬/- | ৮% + ৬/- | ৭% + ৬/- | ৬% +৬/- | ৫% + ৩/- |
| ৬। | বাণিজ্যিক প্লট হস্তান্তর ফি (জমির বর্তমান মূল্যের %) | | ১২% | ১২% | ১২% | ১২% | ৮% |
| ৭। | শিল্প প্লট হস্তান্তর ফি (জমির বর্তমান মূল্যের %) | | ১০% | ১০% | ১০% | ১০% | ৬% |
| ৮। | আবাসিক ফ্ল্যাট হস্তান্তর ফি (প্রতি বর্গফুট) | | | | | | |
| | ক) | মিরপুর | ৫০/- | ৫০/- | ৫০/- | ৪০/- | ৩০/- |
| | খ) | মোহাম্মদপুর | ৬০/- | | | | |
| | গ) | লালমাটিয়া | ৭০/- | | | | |
| | ঘ) | ধানমন্ডি | ১০০/- | | | | |
| ৯। | বাণিজ্যিক/শিল্প ফ্লোর হস্তান্তর ফি (প্রতি বর্গফুট) | | ১৫০/- | ১৫০/- | ১২৫/- | ১২৫/- | ১০০/- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১০। | আবাসিক থেকে বাণিজ্যিক/ফ্লোর রুপান্তর ফি (প্রতি বর্গফুট) (ফ্লোর রুপান্তরের ক্ষেত্রে ফ্লোর রুপান্তর ফি ও সংশ্লিষ্ট প্লটের আনুপাতিক অংশের জমির রুপান্তর ফি প্রযোজ্য হবে) | | | | | | |
| | ক) | মিরপুর (প্রতি বর্গফুট) | ২৫০/- | ২০০/- | ১৫০/- | ১০০/- | ৪০/- |
| | খ) | মোহাম্মদপুর (প্রতি বর্গফুট) | ৩০০/- | | | | |
| | গ) | লালমাটিয়া (প্রতি বর্গফুট) | ৩৫০/- | | | | |
| | ঘ) | ধানমন্ডি (প্রতি বর্গফুট) | ৪০০/- | | | | |
| ১১। | জমি/প্লট এর রুপান্তর ফি (জমির বর্তমান মূল্যের %) | | | | | | |
| | ক) | আবাসিক থেকে বাণিজ্যিক | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| | খ) | আবাসিক থেকে প্রাতিষ্ঠানিক | ১৫% | ১৫% | ১৫% | ১৫% | ১৫% |
| | গ) | বাণিজ্যিক থেকে আবাসিক | ১৫% | ১৫% | ১৫% | ১৫% | ১৫% |
| | ঘ) | বাণিজ্যিক থেকে শিল্প | ১৫% | ১৫% | ১৫% | ১৫% | ১৫% |
| | ঙ) | বাণিজ্যিক থেকে প্রাতিষ্ঠানিক | ১৫% | ১৫% | ১৫% | ১৫% | ১৫% |
| | চ) | শিল্প থেকে আবাসিক | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | ২৫% |
| | ছ) | শিল্প থেকে বাণিজ্যিক | ৫০% | ৫০% | ৫০% | ৫০% | ৫০% |
| | জ) | শিল্প থেকে প্রাতিষ্ঠানিক | ২৫% | ২৫% | ২৫% | ২৫% | ২৫% |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১২। | নিউক্লিয়াস বাড়ী (কাঠামোর মূল্য গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ শিডিউল অব রেইটস্ অনুযায়ী নির্ধারিত হবে) | | জমির মূল্য + কাঠামোর মূল্য + হালনাগাদ বকেয়া ভাড়া | | | | |
| ১৩। | নির্মিত টিনসেড বাড়ী (কাঠামোর মূল্য গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ শিডিউল অব রেইটস্ অনুযায়ী নির্ধারিত হবে) | | জমির মূল্য + কাঠামোর মূল্য + হালনাগাদ বকেয়া ভাড়া | | | | |
| ১৪। | অনির্মিত টিনসেড বাড়ী (জমির প্রচলিত মূল্য + প্রতি কাঠা) | | জমির মূল্য + ব্যবহার মূল্য ২,০০,০০০/- | জমির মূল্য + ব্যবহার মূল্য ২,০০,০০০/- | জমির মূল্য + ব্যবহার মূল্য ১,৫০,০০০/- | জমির মূল্য + ব্যবহার মূল্য ১,৫০,০০০/- | জমির মূল্য + ব্যবহার মূল্য ১,০০,০০০/- |
| ১৫। | অনুমতি ব্যতিরেকে হস্তান্তর/দান/হেবা হলে ক্রেতার নামে নামজারীর ক্ষেত্রে পেনাল্টি ফি | | বর্তমান প্রচলিত হারে নির্ধারিত হস্তান্তর ফি + ফি'র ২৫% + নামজারী ফি | | | | |
| ১৬। | আমমোক্তার গ্রহন/বাতিল ফি (শিল্প/বাণিজ্যিক/আবাসিক) | | | | | | |
| | ক) | ৫ কাঠার নিচে প্লট | ২০,০০০/- | ২০,০০০/- | ১৫,০০০/- | ১০,০০০/- | ৮,০০০/- |
| | খ) | ৫ কাঠা ও তদুর্ধ প্লট | ৩০,০০০/- | ৩০,০০০/- | ২০,০০০/- | ১৫,০০০/- | ১০,০০০/- |
| | গ) | ফ্ল্যাট ১৫০০ বর্গফুট এর নিম্ন (প্রতিটি) | ২০,০০০/- | ২০,০০০/- | ১৫,০০০/- | ১০,০০০/- | ১০,০০০/- |
| | ঘ) | ফ্ল্যাট ১৫০০ ও তদুর্ধ বর্গফুট (প্রতিটি) | ২৫,০০০/- | ২৫,০০০/- | ২০,০০০/- | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| | ঙ) | অনুমতি ব্যতিরেকে আমমোক্তার গ্রহণ/বাতিল ফি (প্রতিটি) | নির্ধারিত ফি + ফি'র ২৫% | নির্ধারিত ফি + ফি'র ২৫% | নির্ধারিত ফি + ফি'র ২৫% | নির্ধারিত ফি + ফি'র ২৫% | নির্ধারিত ফি + ফি'র ২৫% |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৭। | বাড়ী নির্মাণ ব্যতিরেকে প্লট হস্তান্তর/দান/হেবা'র ক্ষেত্রে নির্ধারিত ফি | | প্রচলিত হস্তান্তর ফি + অতিরিক্ত ৩০,০০০/- | প্রচলিত হস্তান্তর ফি + অতিরিক্ত ৩০,০০০/- | প্রচলিত হস্তান্তর ফি + অতিরিক্ত ২০,০০০/- | প্রচলিত হস্তান্তর ফি + অতিরিক্ত ১৫,০০০/- | প্রচলিত হস্তান্তর ফি + অতিরিক্ত ১০,০০০/- |
| ১৮। | ক) | হেবা সার্ভিস চার্জ (প্রতিটি) | ৫,০০০/- | ৫,০০০/- | ৪,০০০/- | ৪,০০০/- | ৪,০০০/- |
| | খ) | অনুমতি ব্যতীত হেবা (প্রতিটি) | নির্ধারিত ফি+ ফি'র ২৫% | নির্ধারিত ফি+ ফি'র ২৫% | নির্ধারিত ফি+ ফি'র ২৫% | নির্ধারিত ফি+ ফি'র ২৫% | নির্ধারিত ফি+ ফি'র ২৫% |
| ১৯। | যৌথ নির্মাণ/একত্রীকরণ/ বিভক্তিকরণ ফি | | ২০,০০০/- | ২০,০০০/- | ১৫,০০০/- | ১৫,০০০/- | ১৫,০০০/- |
| ২০। | ভাঙ্গা/পুন:নির্মাণ ফি | | ৫,০০০/- | ৫,০০০/- | ৪,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- |
| ২১। | সংশোধিত হস্তান্তর অনুমতি ফি (পরিশোধিত হস্তান্তর ফির%) | | ১০% | ১০% | ১০% | ১০% | ১০% |
| ২২। | বন্ধক অনুমতি ফি | | ৫০০০/- | ৫,০০০/- | ৪,০০০/- | ৩,০০০/- | ২,০০০/- |
| ২৩। | নির্মাণ সময় বর্ধিতকরণ ফি | | | | | | |
| | ক) | লীজ দলিল সম্পাদনের ০৫ বছর পর্যন্ত | ৫,০০০/- | | | | |
| | খ) | ০৫ বছর পরবর্তী প্রতি বছরের জন্য | ১,০০০/- | | | | |
| ২৪। | নকশা অনুমোদন সংক্রান্ত ছাড়পত্র | | ৫,০০০/- | | | | |
| ২৫। | নকশা অনুমোদন ফি | | ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী | | | | |
| ২৬। | গ্রাউন্ড রেন্ট প্রতি ১০০ বর্গগজ (আবাসিক) | | ১০০/- (২০০৭ সাল হতে কার্যকর হবে) | | | | |
| ২৭। | গ্রাউন্ড রেন্ট প্রতি ১০০ বর্গগজ (বাণিজ্যিক/শিল্প/ প্রাতিষ্ঠানিক) | | ২০০/- (২০০৭ সাল হতে কার্যকর হবে) | | | | |
| ২৮। | লীজ দলিল ফরমের মূল্য | | ৫০০/- | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৯। | সাইট প্ল্যানের মূল্য (০৪ প্রস্থ) | | ১০০/- | | |
| ৩০। | কমিশনের মাধ্যমে হাজিরা গ্রহণ ফি | | | | |
| | ক) | হাজিরা প্রদানকারীর অবস্থান সংশ্লিষ্ট কর্মকর্তার কর্মক্ষেত্রের ০৫ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে হলে | ৫০০/- | | |
| | খ) | হাজিরা প্রদানকারীর অবস্থান সংশ্লিষ্ট কর্মকর্তার কর্মক্ষেত্রের ০৫ কিলোমিটার ব্যাসার্ধের বাইরে হলে | ২,০০০/- | | |
| ৩১। | প্লট/ফ্ল্যাট/দোকান/স্পেসের বিকল্প বরাদ্দের সার্ভিস চার্জ | | | | |
| | ক) | ১০০০ বর্গফুট আয়তন পর্যন্ত (স্পেস/ফ্ল্যাট) | ২০,০০০/- | ১২,০০০/- | ১০,০০০/- |
| | খ) | ১০০১ হতে ১৫০০ বর্গফুট আয়তন পর্যন্ত (স্পেস/ফ্ল্যাট) | ২৫,০০০/- | ১৫,০০০/- | ১০,০০০/- |
| | গ) | ১৫০১ বর্গফুট হতে তদুর্ধ্ব (স্পেস/ফ্ল্যাট) | ৩০,০০০/- | ১৫,০০০/- | ১২,০০০/- |
| | ঘ) | ২.০০ কাঠা পর্যন্ত (প্লট/বাড়ি) | ৫০,০০০/- | ৩০,০০০/- | ২০,০০০/- |
| | ঙ) | ২.০১ কাঠা হতে ৫.০০ কাঠা পর্যন্ত(প্লট/বাড়ি) | ১,০০,০০০/- | ৫০,০০০/- | ৩০,০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | চ) | ৫.০১ কাঠা হতে তদুর্ধ্ব (প্লট/বাড়ি) | ১,৫০,০০০/- | ১,০০,০০০/- | ৫০,০০০/- |
| | ছ) | কার-পার্কিং | ৫,০০০/- | ৩,০০০/- | ২,০০০/- |
| ৩২ | শিল্প/প্রাতিষ্ঠানিক/বাণিজ্যিক প্লট বা কমার্শিয়াল স্পেসের মূল্য নির্ধারণের ক্ষেত্রে মূল্যমান সংশ্লিষ্ট আবাসিক প্লটের মূল্যমানের দেড়গুন হিসেবে হিসাব করতে হবে। | | | | |

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনার আইনের অধিক্ষেত্রভুক্ত এলাকার তালিকা:

| ক্র: নং | ডিভিশনের নাম | অধিক্ষেত্রভূক্ত এলাকা |
|---|---|---|
| ১. | ঢাকা ডিভিশন-১ | ঢাকা, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, গাজীপুর। |
| ২. | ঢাকা ডিভিশন-২ | জামালপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, নরসিংদী, শেরপুর। |
| ৩. | মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ | ফরিদপুর, মুন্সিগঞ্জ, নেত্রকোনা, রাজবাড়ী। |
| ৪. | খুলনা ডিভিশন | মাদারীপুর, গোপালগঞ্জ, শরীয়তপুর, বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, |
| | | ঝিনাইদহ, খুলনা, মাগুরা, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা, বরিশাল, |
| | | ঝালকাঠি, বরগুনা, ভোলা, পটুয়াখালী, পিরোজপুর। |
| ৫. | সিলেট ডিভিশন | হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৬. | দিনাজপুর ডিভিশন | বগুড়া, সিরাজগঞ্জ, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, |
| | | নীলফামারী, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও। |
| ৭. | চট্টগ্রাম ডিভিশন | বান্দরবন, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, খাগড়াছড়ি, লক্ষীপুর, |
| | | নোয়াখালী, রাঙ্গামাটি। |
| ৮. | রাজশাহী ডিভিশন | কুষ্টিয়া, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী। |

- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হতে এ পর্যন্ত মোট ৯৪টি ডেভেলপার প্রতিষ্ঠানকে নিবন্ধন দেয়া হয়েছে এবং বর্তমানে এদের মধ্যে ৩৪টি প্রতিষ্ঠানের নিবন্ধনের মেয়াদ রয়েছে।




২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়নে তৃতীয় স্থান অর্জনের স্বীকৃতিস্বরূপ সম্মাননা পুরস্কার গ্রহণ করছেন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান জনাব মোঃ দেলওয়ার হায়দার

## জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাঠ পর্যায়ের দপ্তর সমূহের অবস্থান:

- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল
  - নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১
    - উপ বিভাগীয় প্রকৌশলী, ঢাকা উপ বিভাগ-১
    - উপ বিভাগীয় প্রকৌশলী, ঢাকা উপ বিভাগ-১
  - নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২
    - উপ বিভাগীয় প্রকৌশলী, ঢাকা উপ বিভাগ-৩
    - উপ বিভাগীয় প্রকৌশলী, ঢাকা উপ বিভাগ-৪
    - সহকারী প্রকৌশলীর কার্যালয়, টাঙ্গাইল
  - নির্বাহী প্রকৌশলী, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
    - উপ বিভাগীয় প্রকৌশলী, গৃহসংস্থান উপ বিভাগ-১
    - উপ বিভাগীয় প্রকৌশলী, গৃহসংস্থান উপ বিভাগ-২

- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম সার্কেল
  - নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন
    - উপ বিভাগীয় প্রকৌশলী, চট্টগ্রাম উপ বিভাগ-১
    - উপ বিভাগীয় প্রকৌশলী, চট্টগ্রাম উপ বিভাগ-২
    - সহকারী প্রকৌশলীর কার্যালয়, মাইজদী, নোয়াখালী
    - প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম
    - প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, মাইজদী
  - নির্বাহী প্রকৌশলী, সিলেট ডিভিশন
    - উপ বিভাগীয় প্রকৌশলী, সিলেট উপ বিভাগ
    - উপ বিভাগীয় প্রকৌশলী, কুমিল্লা উপ বিভাগ
    - প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, সিলেট
